

স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.১৮.০০৩.২১৬৫২

তারিখ : চৈত্র ২৯, ১৪২৭  
April 12, 2021

## অফিস আদেশ

বিষয়ঃ করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সার্বিক কার্যাবলী/চলাচলে বিধিনিষেধ কালীন সময়ে ডেসকো'র কার্যক্রম পরিচালনা সংক্রান্ত।

সূত্রঃ ১। ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০৩.২০.১২০; তারিখঃ ১২ এপ্রিল ২০২১  
২। ২৭.০২.০০০০.০৪১.৯৯.০০২.২০ (অংশ-২).২৯২; তারিখঃ ১২ এপ্রিল ২০২১

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) পরিস্থিতির অবনতির কারণে মন্ত্রিপরিষদ বিভাগের ইতোপূর্বে জারিকৃত নির্দেশনার অনুবৃত্তক্রমে আগামী ১৪ এপ্রিল ২০২১ ভোর ০৬:০০ হতে ২১ এপ্রিল মধ্যরাত পর্যন্ত সার্বিক কার্যাবলী/চলাচলে সূত্রস্ব-১ স্মারকমূলে কতিপয় বিধি-নিষেধ আরোপ করা হয়েছে। আরোপিত বিধি-নিষেধ এ সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত ও বেসরকারি অফিস/আর্থিক প্রতিষ্ঠান বন্ধ রাখা, বিদ্যুৎসহ সকল জরুরি পরিষেবা চালু রাখা, জরুরি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণকে নিজস্ব পরিবহন ব্যবস্থায় আনা-নেয়ার বিষয় অন্তর্ভুক্ত রয়েছে। বর্ণিত বিধি-নিষেধ চলাকালীন সময়ে সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করাসহ জরুরি সেবা চালু রাখার লক্ষ্যে ডেসকো'র কার্যক্রম নিম্নোক্তরূপে পরিচালিত হবে।

- ডেসকো'র সকল দপ্তরের সকল স্বাভাবিক কার্যক্রম বন্ধ থাকবে। তবে কর্মকর্তা-কর্মচারীগণ নিজ নিজ কর্মস্থলে অবস্থান করবেন এবং দাপ্তরিক প্রয়োজনে দপ্তরে উপস্থিত হয়ে দায়িত্ব পালন করবেন। দায়িত্ব পালনকালে সার্বক্ষণিক মাস্ক পরিধান, নিয়মিত সাবান/স্যানিটাইজার ব্যবহারসহ স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করতে হবে। প্রয়োজনে পিপিই পরিধান করতে হবে।
- বৈদ্যুতিক উপকেন্দ্র, সুইচিং স্টেশন, নিয়ন্ত্রণ কক্ষ এবং অভিযোগ কেন্দ্রসমূহে কর্মকর্তা-কর্মচারীগণ ২ শিফট এ দায়িত্ব পালন করবেন।
- বারিধারা বিক্রয় ও বিতরণ বিভাগের Unified System এর ভেন্ডিং স্টেশন ব্যতীত সকল ভেন্ডিং স্টেশন বন্ধ থাকবে। Point of Sale (PoS) ভেন্ডিং কার্যক্রম চালু থাকবে।
- মিটার রিডিং সিডিউল অনুযায়ী মিটার রিডিং গ্রহণ নিশ্চিত করতে হবে তবে আপাতত বিল প্রস্তুত বন্ধ থাকবে, বিধিনিষেধ এর মেয়াদ আরও বর্ধিত করা হলে বিল প্রস্তুতের বিষয়ে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা হবে। মিটার রিডিং গ্রহণকালে মিটার রিডারগণ যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ নিশ্চিত করবে (মাস্ক পরিধান করবে এবং প্রয়োজনে গ্লাভস ও পিপিই পরিধান করবে)। মিটার রিডিং গ্রহণে কোথাও বাঁধাপ্রাপ্ত হলে তা সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর মাধ্যমে দ্রুত কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
- মিটার রিডার, মাঠপর্যায়ে জরুরি সেবায় নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণ এবং জরুরি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণ ডেসকো'র পরিচয়পত্র বুলিয়ে দায়িত্ব পালন করবেন।
- সংশ্লিষ্ট সকল দপ্তর নিজস্ব যানবাহন ব্যবহার করে বৈদ্যুতিক উপকেন্দ্র, সুইচিং স্টেশন, নিয়ন্ত্রণ কক্ষ এবং অভিযোগ কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীগণসহ জরুরি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীগণকে আনা-নেয়ার ব্যবস্থা করবে। প্রশাসন পুল থেকে এ বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হবে।
- স্বাভাবিক দাপ্তরিক কার্যক্রম বন্ধ থাকা এবং প্রি-পেমেন্ট ভেন্ডিং কার্যক্রম অনলাইনে সম্পাদনের বিষয়ে নির্বাহী প্রকৌশলীগণ নিজ নিজ এলাকায় মাইকিং করবে।
- প্রকল্প ও উন্নয়ন দপ্তরের আওতাধীন সকল উন্নয়ন কার্যক্রম চালু থাকবে।

*(Handwritten Signature)*

স্মারক নং-২৭.২৪.০০০০.০১৫.১৮.০০৩.২১. ৬৫১)

তারিখ : চৈত্র ২৯, ১৪২৭  
April 12, 2021

বা) জরুরি সেবা প্রদান কার্যক্রম এবং নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের বিষয়টি প্রধান কার্যালয় এবং বিক্রয় ও বিতরণ বিভাগ হতে সার্বক্ষণিক মনিটর করতে হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

12.04.2021

(এস.এম. জামিল হুসাইন)

মহাব্যবস্থাপক (প্রশাসন)

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। নির্বাহী পরিচালক (প্রশাসন ও এইচআর/ অর্থ ও হিসাব/সংগ্রহ/অপারেশন/ইঞ্জিনিয়ারিং)।
- ২। প্রধান প্রকৌশলী (ডিএন্ডপি/পি এন্ড ডি/নেটওয়ার্ক অপারেশন/এস এন্ড ডি অপারেশন (ইন্সট জোন/ওয়েস্ট জোন)/ পিএমপিএন্ডএসএম/আইসিটি)/মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পিএন্ডডি/এমপিএন্ডএস/ডিএন্ডএমডব্লিউ/আইসিটি/এসএন্ডডি অপারেশন (ইন্সট জোন-১/ ইন্সট জোন-২/ ওয়েস্ট জোন-১/ওয়েস্ট জোন-২)/পিআইএন্ডটি/জিএসপিএন্ডইএ/এমভিএসএসএম/প্রকল্প পরিচালক (গ্রিড/বিতরণ/ভূ-গর্ভস্থ গ্রিড উপঃ)/কোম্পানি সচিব/উপ-মহাব্যবস্থাপক (প্রশাসন/ এইচআরএম/অর্থ/হিসাব/ইন্টারনাল অডিট/স্মার্ট প্রিগেমেন্ট মিটার)।
- ৪। নির্বাহী প্রকৌশলী, বি ও বি বিভাগ (পল্লবী/কাফরুল/মনিপুর/আগারগাঁও/রূপনগর/শাহআলী/গুলশান/জোয়ারসাহারা/ বারিধারা/বাড্ডা/উত্তরা(পূর্ব)/উত্তরা(পশ্চিম)/টঞ্জী(পূর্ব)/টঞ্জী(পশ্চিম)/উঃখান/দঃখান)/এলএন্ডজিএস/মনিটরিং সেল/ সেন্ট্রাল স্টোর/ মিটার ওয়ার্কশপ/টিএন্ডআর/স্টাফ অফিসার টু এমডি/ব্যবস্থাপক (ইএন্ডএলএ/ সাব-স্টোর/নিরাপত্তা)/ প্রকল্প পরিচালক (ইউজি ক্যাবল)।
- ৫। অফিস কপি।

পাতা ২/২